গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয়ঃ Expo 2020 তে বাংলাদেশ প্যাভিলিয়নে মাল্টিমিডিয়া এবং Dubai Virtual Reality (VR) এ প্রচারের জন্য অডিও ভিজুয়াল (১০ মিনিটের ভিডিও ক্লিপ) অবলোকনের লক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ : ১৩ অক্টোবর ২০২১
সময় : দুপুর ১১.০০ টা
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**সভায় উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) জানান যে Expo 2020 Dubai তে বাংলাদেশ প্যাভিলিয়নে বাংলাদেশের সাফল্য বিষয়ে অডিও ভিজুয়াল প্রদর্শনের লক্ষ্যে ১৮ জুলাই ২০২১ আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহ-কে তাদের কার্যক্রমের উপর নির্মিত অডিও ভিজুয়াল বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সেপ্রেক্ষিতে এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর-সংস্থার সকল কার্যক্রম নিয়ে ইতোপূর্বে একটি অডিও ভিজুয়াল তৈরী করা ছিল। উক্ত অডিও ভিজুয়ালটি সভায় প্রদর্শন করা হয়। প্রদর্শিত অডিত ভিজুয়ালটির উপর সকলে মতামত প্রকাশ করেন।

০২। সভায় যুগ্মসচিব (উন্নয়ন) বলেন, ভিডিওটিতে একই ছবি একাধিকবার ব্যবহার করা যা সংশোধন করা যেতে পারে। তিনি বলেন, বন্দরসমূহের উন্নয়ন ও প্রসার কার্যক্রম ভালোভাবে উপস্থাপন হওয়া বাঞ্চনীয়। যুগ্মসচিব (আই.ও, টিএ, জাহাজ, জানরক) বলেন, বাস্থবক এর কোনো আলাদা ছবি নেই এবং জাতীয় নদী রক্ষা কমিশন ইংরেজি ভাষান্তরে protection এর পরিবর্তে conservation শব্দটি যুক্ত করা যায়। উপসচিব (টিএ) বলেন, স্বাধীনতা যুদ্ধের পর পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর জন্য নতুন কিছু জাহাজ ক্রয় করেছিলেন, সেগুলোর সংখ্যা/তথ্য উল্লেখপূর্বক তথ্য প্রদান করা যেতে পারে। উপসচিব (উন্নয়ন) বলেন, ভিডিওতে বে টার্মিনাল দেখানো যায় এবং লালদিয়া-কে বাদ দেয়া যেতে পারে। যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন, ভিডিওটি লম্বা সময়ের হয়ে যায়। এটি যেহেতু ইন্টারন্যাশনাল বিজনেস এর লক্ষ্যে উপস্থাপন করা হবে সেহেতু কম সময়ের (৫-৬ মিনিট দৈর্ঘ্যে) উন্নয়নমূলক কর্মকান্ড নিয়ে উপস্থাপন করা যায়। যুগ্মসচিব (টিএ, টিসি) বলেন, পোর্টের কার্যক্রমকে হাইলাইট করতে হবে এবং সাব-টাইটেলকে সংক্ষিপ্ত আকারে মানানসই করে উপস্থাপন করা যেতে পারে। যুগ্মসচিব (প্রশাসন) বলেন, মেরিন একাডেমীর উন্নয়নমূলক কর্মকান্ড হাইলাইট করা যায় এবং ব্যবহৃত পুরাতন ছবির স্থলে সাম্প্রতিক সময়ের বিভিন্ন চুক্তি ও সেমিনারের ছবি সংযুক্ত করা যায়। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, মন্ত্রণালয়ের একাডেমীর উন্নয়নমূলক কর্মকান্ডের মান ও পুরাতন ছবি বাদ দিয়ে নতুন ছবি সংযুক্ত করা যায় এবং বাংলাদেশ মেরিন একাডেমি যে বিশ্বমানের জনসম্পদ প্রস্তুতের সক্ষম তা উল্লেখ করা যায়।

০৩। এছাড়াও দপ্তর/সংস্থার প্রধান/প্রতিনিধিগণ মতামত তুলে ধরেন। বাংলাদেশ শিপিং কর্পোরেশন হতে জানানো হয় যে বাংলাদেশ শিপিং কর্পোরেশন বাণিজ্যিক কার্যক্রমের সাথে সম্পর্কিত। সেহেতু শিপিং কর্পোরেশনের বাণিজ্যিক জাহাজের তথ্য ও ছবি ভিডিওটিতে সংযুক্ত করা যায়। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ হতে জানানো হয় যে স্থলবন্দরের যোগাযোগ ব্যবস্থা তুলে ধরা যায়। বিআইডব্লিউটিসি হতে জানানো হয় যে নতুন কন্টেইনার ভেসেল কেনা হয়েছে, সেটি ভিডিওটিতে সংযুক্ত করা যায়।

০৪। সভায় সকলের মতামতের প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক) ভিডিওটি শুরু করা হয়েছে বিআইডব্লিউটিএ দিয়ে এবং বিআইডব্লিউটিএ এর প্রাধান্যই বেশি ছিল। বন্দরসমূহে গত ২-৩ বছরে অনেক পরিবর্তন এসেছে যা তুলে ধরতে হবে। তথ্য উপস্থাপনায় ধারাবাহিকতা বজায় রাখতে হবে।

খ) মাতারবাড়ি পোর্ট, পতেঙ্গা বে-টার্মিনাল ভিডিওতে আনতে হবে এবং ভবিষ্যতের জন্য কি কি করা হবে ও সাম্প্রতিক উন্নয়ন প্রকল্পসমূহের কাজ তুলে ধরতে হবে।

গ) এ ধরনের ভিডিও সর্বোচ্চ ৪-৫ মিনিট দৈর্ঘ্যের হবে।

ঘ) পুরাতন ছবি পরিবর্তন করে হালনাগাদ তথ্যচিত্র উপস্থাপন করতে হবে এবং সব সংস্থাকে তুলে ধরতে হবে এমন নয়। বন্দরের সক্ষমতা ও আন্তর্জাতিক যোগাযোগ ব্যবস্থা তুলে ধরতে হবে। তথ্যচিত্রটি নতুন করে সমুদ্র বন্দর, স্থলবন্দর এর চিত্র আকর্ষণীয় হয় এবং দর্শনার্থীদের আকৃষ্ট করে এরূপভাবে নির্মাণ করতে হবে।

ঙ) ইংরেজী সাব-টাইটেল যুক্ত থাকবে এবং ব্যাকগ্রাউন্ডে মানানসই মিউজিক যুক্ত করা হবে। একই ভিডিও ক্লিপ এর একটি কপি সাব-টাইটেল ও ব্যাকগ্রাউন্ড মিউজিকসহ একটি কপি এবং ইংরেজী ধারাবিবরণীসহ প্রস্তুত করতে হবে।

চ) চট্টগ্রাম বন্দরের সাথে যোগাযোগ করে নতুন করে ভিডিও তৈরী করতে হবে। চট্টগ্রাম বন্দর আগামি ০৫/১১/২০২১ তারিখের মধ্যে ভিডিওটি প্রস্তুত করার সার্বিক কার্যক্রম গ্রহণ করবে।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ
তারিখ: ১৮-১০-২০২১
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০১৬.২১.০০৩.১৮(অংশ-২)-৫৪৩

তারিখঃ ০৮ কার্তিক, ১৪২৮ বঙ্গা: / ২৪ অক্টোবর, ২০২১খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৭। উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৯। সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১১। সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১২। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২৪/৩/২০

মোঃ আলমগীর কবির
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন ঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd